বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০।

সিটিজেন চার্টারে সংযোজিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভার তারিখ	১৩ জানুয়ারি ২০২১, বুধবার
সময়	সকাল ১১টা
স্থান	বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজ সভাকক্ষ

সিটিজেন চার্টারে সংযোজিত নাগরিক সেবা বিষয়ে সেবা গ্রহিতাদের অবহিত করার জন্য এক সভা আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি। সভায় আমন্ত্রিত সেবা গ্রহীতাগণ উপস্থিত ছিলেন (পরিশিষ্ট 'ক')। সভাপতি করোনা পরিস্থিতির মধ্যেও স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত হওয়ার জন্য সকলকে কৃতজ্ঞতা জানিয়ে বলেন, নাগরিকদের সেবা প্রদানের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত করে সেবা গৃহিতাদের জন্য জাদুঘরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। প্রয়োজন দেখা দিলে এটি সংশোধন করা হয়। সিটিজেন চার্টারে সেবা প্রদানের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের এবং নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করা হবে সে বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। বিগত তত্ত্বাবধায়ক সরকারের সময় সিটিজেন চার্টার প্রণয়ন করা হয়। সিটিজেন চার্টার জনগণের জন্য কার্যকরী পদক্ষেপ বিবেচিত হওয়ায় ধারাবাহিকতভাবে সিটিজেন চার্টার পরিশীলিত করে যুগোপযোগী করা হয়েছে। সিটিজেন চার্টারে নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে জাদুঘর কার্যকরী ভূমিকা রাখতে আগ্রহী। এজন্য তিনি আমন্ত্রিত পেশাজীবীদের সিটিজেন চার্টারের ভিত্তিতে জাদুঘরের করণীয় বিষয়ে মতামত দেয়ার অনুরোধ জানান।

ক্রমিক	নাম ও ঠিকানা	প্রস্তাবনা	সিদ্ধান্ত
১	অধ্যাপক মালিহা নার্গিস জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়	জাদুঘরকে গবেষণাবান্ধব প্রতিষ্ঠানে পরিণত করার এবং নিদর্শন নিয়ে গবেষণা করার কাজে অন্যান্য প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগ গ্রহণ করার প্রস্তাব করেন। গবেষকদের গবেষণার কাজে নিদর্শন সম্পর্কিত বই ও আলোকচিত্র দিয়ে সহযোগিতা করা এবং আলোকচিত্র গ্রহনের ক্ষেত্রে বিধিনিষেধ শিথিল করার প্রস্তাব করেন।	অন্য কোন প্রতিষ্ঠান হতে প্রস্তাব পাওয়া গেলে যৌথ উদ্যোগে গবেষণার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হবে মর্মে সভায় অংশীজনদের অবহিত করা হয়।
২	জনাব নূরুল কবির সহযোগী অধ্যাপক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়	১৯১২ সালের তথ্য অনুযায়ী ঢাকা পৃথিবীর ১২তম সুন্দর শহর হিসেবে স্বীকৃত। তাই শহরটিকে সুন্দর করার জন্য জাদুঘর কর্মীদের শুধুমাত্র প্রত্নতাত্ত্বিক নিদর্শন নয় সামাজিক বিষয় যেমন- ঢাকার জলাবদ্ধতা কেন হচ্ছে, পূর্বে কেমন ছিল ও বর্তমানে জলাবদ্ধতার কারণ কি সে বিষয়ে নিয়ে গবেষণা করে গ্যালারিতে উপস্থাপন করার প্রস্তাব করেন।	জাদুঘরের লাইব্রেরি সেবা অনলাইন করার কার্যক্রম চলমান রয়েছে। আগ্রহী গবেষক পাওয়া গেলে গবেষণার ক্ষেত্রে সহযোগিতা করা হবে।

		গবেষণার ক্ষেত্রে (MOU) কর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকদের সম্পৃক্ত করার প্রস্তাব করেন। গবেষণায় প্রতিনিধিত্ব করতে পারলেই জাদুঘর প্রতিনিধিত্বশীল প্রতিষ্ঠানে পরিণত হবে। প্রয়োজনে গবেষকদের বৃত্তি প্রদানের ব্যবস্থা করার জন্যও তিনি প্রস্তাব করেন। এছাড়াও তিনি জাদুঘরের লাইব্রেরি অনলাইন সেবা চালু করার প্রস্তাব করেন।	
৩	জনাব সুজন হাজং	ব্রিটিশ বিরোধী আন্দোলনের (টঙ্কা আন্দোলন ১৯৪৬) নেত্রী শহীদ রাসুমনির প্রতিকৃতি তৈরি করে জাদুঘরে রাখার প্রস্তাব করেন। এজন্য তিনি শহীদ রাশমনি ও কুমুদিনী হাজং-এর ছবি সরবরাহ করতে আগ্রহ প্রকাশ করেন।	ছবি/প্রতিকৃতি জাদুঘরে প্রদান করার জন্য জনাব সুজন হাজং-কে অনুরোধ করা হয়।
৪	এডভোকেট আবুল কালাম আজাদ সুপ্রিম কোর্ট, ঢাকা।	জেলাভিত্তিক জাদুঘর প্রতিষ্ঠার প্রস্তাব করে বলেন, ইতিহাস, ঐতিহ্য জনগণের দোরগোড়ায় নেয়ার জন্য বিষয়টি গুরুত্বপূর্ণ।	কমরেড মণিসিং, আব্দুল হক চৌধুরী, কমরেড মানিক চৌধুরী এই ৩টি বিশেষায়িত জাদুঘর প্রতিষ্ঠা করা হয়েছে। এরপর জাতীয় চারনেতার ওপর জাদুঘর প্রতিষ্ঠার কাজ চলছে। আগামীতে বিভাগীয় জাদুঘর প্রতিষ্ঠার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত রয়েছে।
৫	জনাব নূরুল কবির সহযোগী অধ্যাপক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়	বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সাথে সাংস্কৃতিক চুক্তির মাধ্যমে জাদুঘরে ডাইনোসর সংযোজন করার প্রস্তাব করেন। এছাড়াও পুরাতন ভবন সংরক্ষণের ওপর গুরুত্ব আরোপ করেন।	গবেষণার ক্ষেত্র বৃদ্ধির আশ্বাস দেয়া হয়। ডাইনোসর-এর মডেল/ডিওরমা তৈরির উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
৬	অধ্যাপক মালিহা নাসিমা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়	নিরাপত্তা কর্মীদের আচরণ দর্শক বান্ধব হওয়া প্রয়োজন বলে মত প্রকাশ করেন। এছাড়াও নির্দশনের পাশাপাশি গ্যালারি নিয়ে ভিউকার্ড মুদ্রণ করার প্রস্তাব করা হয়।	নিরাপত্তা কর্মীদের আচরণ দর্শক বান্ধব করার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়।
৭	জনাব হারুন আর রশীদ প্রতিনিধি, লাবনী এন্টারপ্রাইজ	সেবা গ্রহীতাদের সাথে মত বিনিময় সভা আয়োজনের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন, এ ধরনের সভা	ঠিকাদারের কাজের স্বার্থে সকাল ১০ ঘটিকার পূর্বে জাদুঘরে প্রবেশের প্রয়োজন হলে এ

		বারবার আয়োজন করা প্রয়োজন। ঠিকাদারের কাজের ক্ষেত্রে অন্যান্য প্রতিষ্ঠানের মত সকাল ১০ ঘটিকার পূর্বেই জাদুঘরে প্রবেশ করতে পারে সে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। তিনি আরো বলেন জাদুঘরে ৩বছর পর্যন্ত শিশুদের বিনামূল্যে প্রবেশ করতে দেয়াহয়। ৩বছরের পরিবর্তে ৭বছর করা যায় কিনা সে বিষয়টি ভাবতে অনুরোধ করেন।	সংক্রান্ত আবেদনের প্রেক্ষিতে প্রবেশের ব্যবস্থা করা হবে।
৮	মিঠুন বেপারী শিক্ষার্থী, চারুকলা অনুষদ ঢাকা বিশ্ববিদ্যালয়	তিনি শিক্ষার্থীদের আলোকচিত্র গ্রহণের বিষয়টি সহজিকরণের অনুরোধ জানান।	জাদুঘরের নীতিমালামতে ব্যবস্থা নেয়া হবে।
৯	সৈয়দা জোনাইরা নওরিন ৫ম শ্রেণী, মুন্সি আব্দুর রউফ বিদ্যালয়	জাদুঘরে গাইড সেবা চালুর প্রস্তাব করেন।	জাদুঘরে গাইড সেবা নিয়মিত চলছে। প্রয়োজনে আরো বাড়ানো হবে।

আর কোন আলোচনা না থাকায় মহাপরিচালক সেবা গ্রহীতাদের ধন্যবাদ জানান। তিনি এ ধরনের কর্মসূচিতে সকলকে বারবার আসার অনুরোধ জানিয়ে এবং গঠনমূলক পরামর্শ দেয়ার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/২/২০২২

খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি
মহাপরিচালক
বাংলাদেশ জাতীয় জাদুঘর

স্মারক নম্বর: ৩.২২.০০০০.১২.০২.০২১.১৭. ২৬৫৯ (৬০)

তারিখ: 08/02/2022

অনুলিপি: সদয় অবগতির জন্য
১. শিক্ষা অফিসার ... বিভাগ/ শাখা প্রধান
২.মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী।

০৮/২/২০২২

সাইদ সামসুল করীম
শিক্ষা অফিসার
বাংলাদেশ জাতীয় জাদুঘর
সদস্য-সচিবসেবা প্রদান প্রতিশ্রুতি
হালনাগাদকরণ কমিটি